

প্রথম আলো

প্রথম আলো, ২০২০-০৯-২৯, পৃঃ ০১,০২

অভিमत

টাকা ফেরত দিলে শান্তি নয়, এমন হলে নতুন রাক্ষস জন্মাবে

মোহাম্মদ ফরাসউদ্দিন

সাবেক গভর্নর, বাংলাদেশ ব্যাংক

ব্যাংক ও আর্থিক খাতে প্রয়োজন রীতিমতো কড়াকড়ি নজরদারি। এটা কেউ করেছে না। যেসব নীতিকৌশল নেওয়া হয়েছে, তাতে অর্থনৈতিক ক্ষমতা কিছু মানুষের মাঝে কেন্দ্রীভূত হয়ে গেছে। যেটা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বা শেখ হাসিনার কল্যাণরাস্ত্রের পরিপন্থী। যখন কিছু লোকের হাতে অর্থনৈতিক ক্ষমতা চলে যায়, তখন তারা যা খুশি তাই করে। পি কে হালদারও একই কাজ করেছে।



মোহাম্মদ ফরাসউদ্দিন

নতুন রাক্ষস জন্মাবে

প্রথম পৃষ্ঠার পর

সে কানাডার বেগমপাড়ায় বাড়ি করেছে। যখন উচ্চপর্যায়ের কেউ বলেন ৩ হাজার ৭০০ কোটি টাকা কিছুই না, তখন বলার কিছুই থাকে না। সময় এসেছে এসব বিষয়ে জোরালো নজরদারি শুরু করার।

শোনা যাচ্ছে, বেগমপাড়ার লোকজন পি কে হালদারকে দেশে ফেরার জন্য চাপ দিচ্ছে। আবার কেউ বলছে, দেশে ফিরলে জরিমানা দিয়ে অর্থ বৈধ করতে পারবে। কিন্তু আমি মনে করি, অবৈধ স্ব সম্পদ জব্দ করে সরকার নিয়ে নিতে পারে। প্রয়োজনে উচ্চ আদালত এমন উদ্যোগ নিতে পারেন। এরপর তার সব সম্পদ বিক্রি করে সব পাওনা শোধ করা উচিত। এতে কয়েকটি আর্থিক প্রতিষ্ঠানের চেহারা রাতারাতি পরিবর্তন করে দেওয়া সম্ভব হবে। শুধু পি কে হালদার নয়, স্বাস্থ্য খাতের মিঠু, আফজাল, মালেকসহ সবার বিরুদ্ধে এমন ব্যবস্থা নেওয়া উচিত। এটা এখনই শুরু করতে হবে। দৃষ্টান্তমূলক কিছু করা গেলে তা সবার জন্য শিক্ষা হবে। টাকা ফেরত দিলেই শান্তি মাফ, এটা কোনো সমাধান হতে পারে না। এতে নতুন রাক্ষসের জন্ম হবে। আমাদের দেশ থেকে প্রতিবছর ৬০০ থেকে ৭০০ কোটি ডলার বিভিন্নভাবে বিদেশে চলে যাচ্ছে। সবার আগে এসব বন্ধ করতে হবে।

